

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১০

বিশালগড়, ১৪ জুন, ২০২৪

আগামীকাল বিশালগড় মহকুমায় সহায়কমূল্যে ধান ক্রয়ের সূচনা

বিশালগড় মহকুমায় আগামীকাল থেকে কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে রবি মরশুমের ধান ক্রয় করা হবে। এই কর্মসূচিতে বিশালগড়ের এনসি নগরে মহকুমা ফুড গোডাউনের সন্নিহিত ধান ক্রয় কেন্দ্রে ১৫ জুন থেকে ২০ জুন বিশালগড় ও মধুপুর কৃষি অঞ্চলের কৃষকদের কাছ থেকে সহায়কমূল্যে ধান ক্রয় করা হবে। ২১ জুন থেকে ২৪ জুন বিশ্রামগঞ্জ মিনি স্টেডিয়ামে ধান ক্রয় কেন্দ্রে বিশ্রামগঞ্জ ও চড়িলাম কৃষি অঞ্চলের কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় করা হবে। প্রতি কেজি ধান ২১ টাকা ৮৩ পয়সা দরে ক্রয় করা হবে। মহকুমায় ১,১০০ মেট্রিক টন ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। বিশালগড় কৃষি মহকুমার তত্ত্বাবধায়ক এই সংবাদ জানান।
